

সমকাল

চৰিতে ভাঙচুৱেৰ ঘটনায় ২ মামলা, আসামি ১ হাজাৰ

প্ৰকাশ: ১০ সেপ্টেম্বৰ ২৩ | ২২:৪৬ | আপডেট: ১০ সেপ্টেম্বৰ ২৩ | ২২:৪৬

চৰি প্ৰতিনিধি



ফাইল ছবি

চট্টগ্ৰাম বিশ্ববিদ্যালয়ে শাটল ট্ৰেন দুৰ্ঘটনাৰ পৰা ক্ষুৰ্ণ হয়ে ভাঙচুৱা ও অগ্নি সংযোগেৰ ঘটনায় দুটি মামলা কৰেছে বিশ্ববিদ্যালয় প্ৰশাসন। এ মামলায় ১৪ শিক্ষাৰ্থীৰ নাম উল্লেখসহ অজ্ঞাত ১ হাজাৰ জনকে আসামি কৰা হয়েছে।

আসামিৰা হলেন- ব্যাংকিং অ্যান্ড ইন্সুৰেন্স বিভাগেৰ ১৯-২০ শিক্ষাবৰ্ষেৰ শাকিল হোসেন আইমুন, সংস্কৃত বিভাগেৰ ১৮-১৯ শিক্ষাবৰ্ষেৰ দীপন বণিক দীপ্ত, শিক্ষা ও গবেষণা ইনষ্টিটিউটেৰ ১৯-২০ শিক্ষাবৰ্ষেৰ মো. রিয়াদ হাসান রাব্বি, ইংৰেজি বিভাগেৰ ২০-২১ শিক্ষাবৰ্ষেৰ নূৰ মোহাম্মদ মান্না, ইতিহাস বিভাগেৰ ১৮-১৯ শিক্ষাবৰ্ষেৰ সৌৰভ ভূইয়া, পালি বিভাগেৰ ১৮-১৯ শিক্ষাবৰ্ষেৰ আমিনুল ইসলাম, পদাৰ্থবিদ্যা বিভাগেৰ ১৫-১৬ শিক্ষাবৰ্ষেৰ শফিকুল ইসলাম, দৰ্শন বিভাগেৰ ১৫-১৬ শিক্ষাবৰ্ষেৰ সাজ্জাদ হোসেন, পৰিসংখ্যান বিভাগেৰ ১৭-১৮ শিক্ষাবৰ্ষেৰ মো. ইমৰান নাজিৰ ইমন,

ফারসি ভাষা বিভাগের ১৮-১৯ শিক্ষাবর্ষের আনিসুর রহমান, ইতিহাস বিভাগের ১৮-১৯ শিক্ষাবর্ষের নাসির উদ্দিন মো. সিফাত উল্লাহ, সংস্কৃতি বিভাগের ১৭-১৮ অনিক দাশ, বাংলা বিভাগের ১৮-১৯ শিক্ষাবর্ষের অনিরুদ্ধ বিশ্বাস, বাংলা বিভাগের শিক্ষাবর্ষের মো. আজিমুজ্জামান।

এ বিষয়ে হাটহাজারী থানার ওসি মো. মনিরুজ্জামান বলেন, ‘আমরা মামলার পরিপ্রেক্ষিতে তদন্ত করব।’

রোববার দুপুর বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড নূরুল আজিম সিকদার মামলার বিষয়ে বলেন, ‘বিশ্ববিদ্যালয় প্রশাসনের করা দুটি মামলা এজাহারভুক্ত হয়েছে। আইন-শৃঙ্খলা বাহিনী বিভিন্ন ফুটেজ, ভিডিও এবং ঘটনাস্থল বিশ্লেষণ করে যাদের পেয়েছে তাদের নাম মামলায় উল্লেখ করেছে। তবে এখনও অনেককে শনাক্ত করা যায়নি। তাই অজ্ঞাত রাখা হয়েছে।’ এ মামলায় সাধারণ শিক্ষার্থীরা কোনোভাবে হয়রানির শিকার হবে না বলেও তিনি আশ্বাস দেন।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com